



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/পরি-১০/২০২০-২১/ ৩১৩৯

তারিখঃ ২১/০১/২০২১খ্রি.

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা।

বিষয়ঃ এসএমই ঋণের সিলিং বৃদ্ধি প্রসঙ্গে।

বিষয়ঃ প্রকল্পের ৩য় সংশোধিত এর আওতায় এসএমই ঋণ খাতের সিলিং বৃদ্ধি প্রসঙ্গে।

প্রকল্প হতে প্রাপ্ত ২৪৫.০০ কোটি ঋণ হিসেবে বিতরণের একটি নীতিমালা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ০৫/১২/২০১৭ তারিখের ৪৭.০৩৭.০২২.০০.০০২১৮.২০১৭-২৮০ জারী করে। উক্ত টাকা ঘূর্ণায়মান তহবিল হিসেবে ঋণ বিতরণ অব্যাহত রয়েছে।

০২। উক্ত খাতের ঋণ ৫০ হাজার টাকা থেকে বিতরণ শুরু হয়েছে। যে সকল গ্রাহক ৫০ হাজার টাকা নিয়ে পরিশোধ করেছেন তাদেরকে পরবর্তীতে ৭০ হাজার টাকা প্রদান করা হয়েছে এবং যারা ৭০ হাজার টাকা নিয়ে পরিশোধ করেছেন তাদেরকে ১.০০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। যে সকল গ্রাহক ১.০০ লক্ষ টাকা নিয়ে পরিশোধ করেছেন তাদেরকে অতিরিক্ত ঋণ প্রদান করা যাচ্ছে না। এ ক্ষেত্রে ঋণ অনাদায়ী/মেয়াদোত্তীর্ণ হয়ে যাচ্ছে। শাখা থেকে এ খাতে ঋণের সিলিং বৃদ্ধির জন্য অনুরোধ আসছে।

০৩। উদ্যোক্তা খাতে ঋণ প্রদান চলমান রাখার স্বার্থে উক্ত খাতে সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা নির্ধারণ করা হলো। এক্ষেত্রে নীতিমালার অপরাপর অংশ যথাযথভাবে পরিপালন করতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বের ঋণ পরিশোধের সন্তোষজনক, গ্রাহকের ব্যবসায়িক চাহিদা, আর্থিক অবস্থা এবং অন্যান্য বিষয়াদি বিবেচনা করে নীতিমালা অনুসরণপূর্বক অত্যন্ত স্বচ্ছতার সাথে ঋণ মঞ্জুর করতে হবে। ঋণ মঞ্জুরে কোন প্রকার অসচ্ছতা, জাল-জালিয়াতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

পল্লী সঞ্চয় ব্যাংক

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।

২) প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।

৩) উপজেলা নির্বাহী অফিসার, -----জেলা।

৪) জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সকল জেলা।

৫) নথি।